

সব স্কুলে কর্মমুখী শিক্ষা চালুর উদ্যোগ

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, মঙ্গলবার, ২৩ জুলাই ২০১৯

২০২১ সাল থেকে দেশের সাধারণ স্কুলে কর্মমুখী শিক্ষা চালু করার লক্ষ্যে সবকটি প্রতিষ্ঠানে ২টি করে কারিগরি শিক্ষকের পদ সৃষ্টির উদ্যোগ নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়ের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ।

গত ২৩ জুন রাজধানীর আন্তর্জাতিক মার্ত্তভূষা ইনসিটিউটে এক অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি জুনান, ২০২১ থেকে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীর শিক্ষার্থীদের দুইটি কারিগরি বিষয় পড়তে হবে। বেকারত্ব দূর করতেই এ উদ্যোগ নেয়া হয়েছে। মন্ত্রীর ওই ঘোষণার পর থেকেই সে লক্ষ্যে কাজ শুরু করেছে শিক্ষা মন্ত্রণালয়। সাধারণ সব স্কুলে দুইজন কারিগরি শিক্ষকের পদ সৃষ্টি বিষয়ে আলোচনা চলছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জ্ঞানায় বর্তমানে দেশে ৩৩৫টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং ১৬ হাজার ১০৯টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে।

মাদ্রাসা ও কারিগরি বিভাগ সূত্র জ্ঞানায় সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (সেসিপ) আওতায় সাধারণ মাধ্যমিক

স্কুলে কারিগার কোর্স চালুর উদ্দেশ্য নেয়া হয়। প্রাথমিকভাবে দেশের ৬৪০টি স্কুলে কারিগরির দুইটি ট্রেড খোলার সিদ্ধান্ত নেয়া হয়েছিল। সে প্রেক্ষিতে গত ফেব্রুয়ারিতে এক হাজার ২৮০ জন শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শুরু হলেও ৬৪০টি স্কুলে কারিগরি কোর্স খোলার বিষয়ে সিদ্ধান্ত নেয় শিক্ষা মন্ত্রণালয়।

সবশেষ গত ১৪ জুলাই শিক্ষা মন্ত্রণালয়ের এ সংক্রান্ত এক সভায় ২০২১ সাল থেকে সাধারণ শিক্ষায় কারিগরি কোর্স খুলতে সব স্কুলে দুইটি কারিগরি ট্রেডের শিক্ষকের পদ সৃষ্টি করার বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানান, সব শিক্ষা প্রতিষ্ঠানে দুটি করে কারিগরি শিক্ষকের পদসৃষ্টির সিদ্ধান্ত হলে তা বাস্তবায়নে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি লাগবে। অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেলে এমপিও, নীতিমালা ও জনবুল কাঠামোতে পদ দুটি অন্তর্ভুক্ত করা হবে। এনটিআরসি এর মাধ্যমে কারিগরি বিষয়ে নিবন্ধিত শিক্ষকরাই এসব পদে নিয়োগ পাবে।